"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপপরিচালক এর কার্যালয়**
**জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, খুলনা।**
www.daic.khulna.gov.bd

তারিখ: ২৬/০৭/২০২৬ খ্রি.।

**স্মারক নং-৩৩.০১.৪৭০০.৬১৯.১৯.০০১.২৬-৩৯৫**

**প্রাপক : ১-২৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।**
**......................খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট।**

বিষয় : মাঠ পর্যায়ে জেলা সমূহে কৃত্রিম প্রজনন কার্যক্রমে সিমেন (Semen) সরবরাহ ও বিক্রয়ের সময় সরকারি বিধি মোতাবেক রসিদ প্রদান নিশ্চিতকরণ প্রসংগে।

সূত্র : পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫, তারিখ: ২৩/০৭/২০২৬ খ্রি. মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রমের সিমেন সরবরাহ ও সেবা প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত ফি আদায় এবং তার বিপরীতে সরকারি রসিদ প্রদান বাধ্যতামূলক। সম্প্রতি এ বিষয়ে কোনো কোনো ক্ষেত্রে অনিয়ম পরিলক্ষিত হওয়ায় সরকারি রাজস্ব আদায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে আপনার অধীনস্থ সকল উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (কৃত্রিম প্রজনন)/ফিল্ড এসিস্ট্যান্ট(কৃত্রিম প্রজনন)/স্বেচ্ছাসেবী(এ.আই টেকনিশিয়ান) কর্মীদের নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

১। সরকার নির্ধারিত ফি আদায় করতে হবে।
২। আদায়কৃত ফি-এর বিপরীতে অবশ্যই সরকারি রসিদ প্রদান করতে হবে।
৩। রসিদ ব্যতীত কোনো অবস্থাতেই সিমেন সরবরাহ বা কৃত্রিম প্রজনন সেবা প্রদান করা যাবে না।
৪। সরকারি রসিদ বই যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং আদায়কৃত অর্থ সরকারি বিধি অনুযায়ী যথাসময়ে জমা দিতে হবে।
৫। নির্দেশনাসমূহের বাস্তবায়ন নিয়মিত তদারকি করতে হবে এবং কোনো অনিয়ম পরিলক্ষিত হলে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে করতে হবে।

সংযুক্তি:
পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সূত্রোক্ত পত্রের অনুলিপি – ০১ পাতা।

২৬/০৭/২০২৬
(ডা. স্বপন কুমার রায়)
উপপরিচালক
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, খুলনা।
কর্পোরেট সিম নম্বর: ০১৩২৪-২৮৯৮৬৭
Email: ddapaickhulna@gmail.com

২৬/০৭/২৬

তারিখ: ২৬/০৭/২০২৬ খ্রি.।

**স্মারক নং-৩৩.০১.৪৭০০.৬১৯.১৯.০০১.২৬-৩৯৫(৮)**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। সদয় অবগতির জন্য ।
২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা বিভাগ, খুলনা। সদয় অবগতির জন্য ।
৩-৪। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, সাতক্ষীরা/বাগেরহাট।
৫-৭। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট।
৮। অফিস কপি।

(ডা. স্বপন কুমার রায়)
উপপরিচালক
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, খুলনা।